

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৭৫

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আসরের পর ঐ দুটি রাকআত নিয়মিত পড়তেন

ذِكْرُ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا دَاوَمَ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى هَاتَيْنِ الرَّكْعَتَيْنِ بَعْدَ العصر

আরবী

1575 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْهَرَوِيُّ وَابْنُ خُزَيْمَةَ قَالَا: حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْدٍ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبِي حَرْمَلَةَ عَنْ أَبِي سَلَمَةَ أَنَّهُ سَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِيهِمَا بَعْدَ سَأَلَ عَائِشَةَ عَنِ السَّجْدَتَيْنِ اللَّتَيْنِ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِيهِمَا بَعْدَ الْعُصْرِ فِي بَيْتِهَا فَقَالَتْ: كَانَ يُصلِيهِمَا بَعْدَ الظُّهْرِ وَإِنَّهُ شُعْلَ عَنْهُمَا فَصَلَّاهُمَا بَعْدَ الْعُصْرِ فِي بَيْتِهَا فَقَالَتْ: كَانَ يُصلِيهِمَا بَعْدَ الظُّهْرِ وَإِنَّهُ شُعْلَ عَنْهُمَا فَصَلَّاهُمَا بَعْدَ الْعُصْرِ فَي بَيْتِهَا وَكَانَ إِذَا صَلَّى صَلَلَةً أَثْبَتَهَا.

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1575 ا خلاصة حكم المحدث : صحيح ـ ((صحيح سنن النسائي)) (563): م (2/ 211).

قال أبو حاتم: عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ هَاجَكَ مِنَ العباد

বাংলা

১৫৭৫. আবৃ সালামাহ (রহ.) থেকে বর্ণিত, তিনি আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে আসরের পর দুই রাকা'আত সালাত সম্পর্কে জিজ্ঞেস করেন যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আদায় করতেন, যখন তিনি তার বাড়িতে প্রবেশ করতেন। জবাবে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এই দুই রাকা'আত সালাত যোহরের পর আদায় করতেন, একবার তিনি তা পড়তে পারেননি, ফলে তা তিনি আসরের পর আদায় করেন। তারপর সেটি আদায় করা অব্যাহত রাখেন। তাঁর অভ্যাস ছিল যখন কোন সালাত একবার পড়তেন, তখন তা জারি রাখতেন।"[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "আব্দুল্লাহ বিন মুহাম্মাদ বিন হাজাক গোলামদের অন্তর্ভুক্ত ছিলেন।"



ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ১২৭৮; সহীহ মুসলিম: ৮৩৫; নাসাঈ: ১/২৮১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৮৩; সুনান বাইহাকী: ২/৪৫৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ সুনান আন নাসাঈ: ৫৬৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন